দৈনিক ইত্তেফাক

122

তারিখ ..6... MAY 1990

পৃষ্ঠা... 7 ...কলাম ...6...

৪

# আলাপ-আলোচনার মাধ্যমে সকল সমস্যার সমাধান করিতে চাই

ভিসি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিয়া বলিয়াছেন, আলাপ-আলোচনার মাধ্যমে আমি সকল সমস্যার সমাধান করিতে চাই।

গতকাল (শনিবার) ব্যবসায় প্রশা-

(২য় পৃঃ দ্রঃ)

## ভিসি

(১ম পৃঃ পর)

সন ইনষ্টিটিউটের প্রথম বর্ষ এম, বি, এ কোর্সের নবাগত ছাত্র-ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণদানকালে ভিসি একথা বলেন। ইনষ্টিটিউটের পরিচালক ডঃ রহীম বি তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই পরিচিতি অনুষ্ঠানে ডঃ মোঃ শামসুল হক, সৈয়দা সোহেলী প্রমুখ বক্তৃতা করেন। অনুষ্ঠানে ভিসি বলেন, বিশ্ববিদ্যালয়ের মধ্যে যদি মুক্তবুদ্ধি চর্চা ও মেধার লালন করিতে হয় তাহা হইলে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন থাকিতে হইবে। তিনি বলেন, এই স্বায়ত্তশাসন প্রাতিষ্ঠানিক, ব্যক্তির হাতে ক্ষমতা কেন্দ্রীভূত করার জন্য নয়।